# পারস্পরিক শিখন কর্মসূচি
# Horizontal Learning Program
# (এইচএলপি)

## কর্মসূচি পরিচিতি

# উপজেলা কর্মশালার উদ্দেশ্য

- পারস্পরিক শিখন সম্পর্কে অবহিতকরণ করা;
- ভালো শিখন চিহ্নিতকরণ (সূচকসহ- পরিমাপযোগ্য, দৃশ্যমান, টেকসই) করা;
- কর্ম পরিকল্পনা তৈরি করা ;
- ভালো শিখন রূপায়ণের জন্য নিজ নিজ প্রতিষ্ঠান থেকে বাজেট বরাদ্দ করা ;
- তথ্যপত্র তৈরি করা এবং
- অভিজ্ঞতা বিনিময় সফরের পরিকল্পনা তৈরি করা ।



# এইচএলপি কি?

- স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে আওতায় জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কর্তৃক বাস্তবায়িত কার্যক্রম;
- ফলাফল ও অভিজ্ঞতা ভিত্তিক সমসাথী শিখন কার্যক্রম;
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে পরস্পরের সংগে সংযুক্ত করে;
- ভালো শিখনসমূহ খুঁজে বের করে;
- অভিজ্ঞতা বিনিময়ের উদ্যোগ নেয় এবং
- নিজের এলাকায় রুপায়ণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি করে।



# এইচএলপি'র প্রয়োজনীয়তা

- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা ও দক্ষতা;
- ভাল শিখন চিহ্নিতকরণ ও সম্প্রসারণ;
- সর্বোত্তম ভাল শিখন প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে পরিপত্র ও নীতিমালা প্রনয়ণ *(সর্বোত্তম ভাল শিখন বা Best practice হচ্ছে এমন একটি ভাল শিখন যা কমপক্ষে ৫০টি ইউনিয়ন পরিষদ কর্তৃক বাস্তবায়িত হয়েছে);*
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নেটওয়ার্কিং এর জন্য একটি প্লাটফর্ম তৈরি।

# পারস্পরিক শিখন কর্মসূচির মূলনীতি



**প্রশংসা**

সবার কাজ ও দক্ষতাকে স্বীকৃতি দেয়া এবং ভাল অনুশীলনগুলোকে অনুসন্ধান করা যা নিজেকে ও অন্যকে উৎসাহিত করবে ।

**সংযোগ স্থাপন**

নিজেদের বা প্রতিষ্ঠানসমূহের মধ্যে দূরত্ব কমিয়ে আনা ও ভাল কাজের বিস্তৃতি ঘটানো।






**অভিযোজন/গ্রহণ**

নতুন শিখন সম্পর্কে নিজেদের উপযোগী করে তোলা।

**রূপায়ণ**


নতুন কিছু নিজের চোখে দেখে নিজেদের উপযোগী করে বাস্তবায়ন করা।








বাহির থেকে আঘাত করলে >
**জীবনের বিনাশ হয়!!!**





ভিতর থেকে আঘাত করলে >
**জীবন হয়!!!**



# এইচএলপি'র সংক্ষিপ্ত পটভূমি

- পারস্পরিক শিখন প্রক্রিয়া ২০০7 সালের নভেম্বর মাসে স্থানীয় সরকার বিভাগের নেতৃত্বে এসডিসি, বিশ্ব ব্যাংক, জাইকা-সহ **মোট ৩২ টি উন্নয়ন সহযোগী** সংস্থার সহায়তায় পরীক্ষামূলকভাবে শুরু হয় ;
- পারস্পরিক শিখন প্রক্রিয়ার মাধ্যমে অদ্যাবধি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ **প্রায় ১৭৪টি ভালো শিখন** বিভিন্ন পর্যায়ে বাস্তবায়ন করেছে;
- এগুলোর মধ্য থেকে **২৪টি ভাল শিখন সর্বোত্তম ভাল শিখন** হিসেবে বাস্তবায়িত হয়েছে *(কোন একটি ভাল শিখন কমপক্ষে ৫০ বার বিভিন্ন স্থানে রূপায়ন করা হলে তাকে সর্বোত্তম ভাল শিখন হিসেবে চিহ্নিত করা হয়)।*

## এইচএলপি'র সংক্ষিপ্ত পটভূমি

- ২০০7 সাল থেকে শুরু করে এ পর্যন্ত প্রায় **১০০ কোটি টাকা**র সমপরিমান অর্থ বিভিন্ন ইউনিয়ন পরিষদ তাদের বাজেটে অন্তর্ভুক্তির মাধ্যমে ভালো শিখন কার্যক্রমে ব্যয় করেছে;
- প্রায় **২ কোটি নাগরিক** প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে উপকৃত হয়েছে;
- বাস্তবায়িত ভাল শিখনসমূহ থেকে ৪ টি বিষয়ে পরিপত্র জারী করা হয়েছে। যেমন: **ক) ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি (ইউডিসিসি) খ) প্রতিবন্ধী বান্ধব ইউনিয়ন পরিষদ গ) প্রতিবন্ধী বান্ধব পৌরসভা এবং ঘ) আর্সেনিক দূরীকরণে বাস্তবায়নযোগ্য পরিকল্পনা।**

# পারস্পরিক শখিন প্রক্রিয়া

ইউনিয়ন পরিষদ (ইউপি) ও পৌরসভাকে অবহিতকরণ

ইউপি ও পৌরসভা পর্যায়ে ভালো শিখনসমূহ চিহ্নিতকরণ (সূচকসহ)

উপজেলা পর্যায়ে ৫টি ভালো শিখন চিহ্নিতকরণ

অভিজ্ঞতা বিনিময় সফরের আয়োজন

ইউপি/পৌরসভায় আলোচনা ও বিভিন্ন মেয়াদি পরিকল্পনায় অন্তর্ভুক্তি

ইউপি ও পৌরসভা বাজেটে অন্তর্ভুক্তি

ভালো শিখন রূপায়ণ/বাস্তবায়ন ও ফলাফল যাচাই

# বাংলাদেশে পারস্পরিক শিখন প্রাতিষ্ঠানিকীকরণ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প

**মেয়াদ: অক্টোবর, ২০১৮ থেকে সেপ্টেম্বর, ২০২২ (৪ বছর)**

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় /স্থানীয় সরকার বিভাগ।

বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

আর্থিক সহযোগিতায়: সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট অ্যান্ড কোঅপারেশন (এসডিসি)

# প্রকল্প এলাকা

- প্রকল্পটির মাধ্যমে ৩৩টি জেলার
- ২০০টি উপজেলা,
- ১৫০টি পৌরসভা এবং
- ২,০০০টি ইউনিয়ন পরিষদে কার্যক্রম পরিচালিত হবে।

# প্রকল্পের উদ্দেশ্য

১) এইচএলপি প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগ এবং এনআইএলজি'র সহায়তায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন ভালো শিখনগুলো চিহ্নিত ও বিশ্লেষণ করে সংশ্লিষ্ট আইন/বিধি/পরিপত্র/নীতমালা প্রণয়নে সহায়ক ভূমিকা পালন করবে;

২) এইচএলপি কার্যক্রমের মূল্যায়ণ এবং মাননিয়ন্ত্রণের মধ্য দিয়ে স্থানীয় জনগণের জীবনমানের ইতিবাচক পরিবর্তন ঘটানো;

৩) ইউনিয়ন পরিষদের ন্যাশনাল বেসিক ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ফ্রেমওর্য়াক যুগোপযোগী করা হবে, পাশাপাশি অন্যান্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের উপযোগী ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ফ্রেমওর্য়াক তৈরিতে উৎসাহ প্রদান করা হবে।

# প্রকল্পের মূল কার্যক্রম সমূহ

১. ভালো শিখনসমূহের তথ্যপত্র (ফ্যাক্টশিট), এমআইএস (ওয়েবভার্সন) এবং ডাটাবেজ (তথ্যভান্ডার) তৈরী করা;

২. জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে পারস্পরিক শিখন কর্মসূচী (এইচএলপি) বিষয়ক সভা, সেমিনার, প্রশিক্ষণ আয়োজন করা;

৩. প্রকল্প মেয়াদে নূন্যতম ২০টি সর্বোত্তম ভালো শিখন (Best Practice) চিহ্নিত করা;

# প্রকল্পের মূল কার্যক্রম সমূহ

৪. জাতীয় পর্যায়ে ১২০ জন চ্যাম্পিয়ন কে (নির্বাচিত জন প্রতিনিধি/কর্মচারী/সাধারণ জনগণ) পুরুষ্কৃত করা যারা সক্রিয় ভাবে ভালো শিখন কার্যক্রমের সাথে যুক্ত থেকে দেশের অন্যান্য জায়গায় এ কার্যক্রমকে ছড়িয়ে দিতে সহায়তা করার পাশাপাশি জেন্ডার বিষয়ক উন্নয়নে ভূমিকা রাখবেন;

৫. নূন্যতম ১৭০০ স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে (ইউনিয়ন পরিষদ ও পৌরসভা) রাজস্ব বাজেটে এইচএলপি কার্যক্রম অন্তর্ভুক্তির মাধ্যমে ধারাবাহিকতা বজায় রাখতে সচেষ্ট করা;

# প্রকল্পের মূল কার্যক্রম সমূহ

৬. নূন্যতম ৫০টি উপজেলাকে তাদের নিজস্ব ব্যবস্থাপনায় এইচএলপি উপজেলা কর্মশালা পরিচালনায় সক্ষম করা;

৭. জেলা পর্যায়ে ১০টি এইচএলপি কর্মশালা বাস্তবায়নের কাজ সম্পন্ন করা;

৮. নূন্যতম ১০টি ভালো শিখন বিভিন্ন প্রশিক্ষণে নিয়মিত বিষয়/পদ্ধতি/উদাহরণ হিসেবে ব্যবহৃত করা;

৯. এইচএলপি বিষয়ক নূন্যতম একটি সেশন এনআইএলজি'র প্রতিটি প্রশিক্ষণে নিয়মিতভাবে পরিচালনা করা;

# প্রকল্পের মূল কার্যক্রম সমূহ

১০. এনআইএলজি’র বুনিয়াদি প্রশিক্ষণের অংশ হিসাবে মাঠ পরিদর্শন কার্যক্রমটি ভালো শিখন চিহ্নিত ইউনিয়ন ও পৌরসভায় আয়োজন করা;

১১.সর্বোচ্চ ৫টি পলিসি এডভোকেসি নোট তৈরি করা যার মধ্য থেকে নূন্যতম ২টি পরিপত্র/সার্কুলার জারীর বিষয়ে স্থানীয় সরকার বিভাগকে সহায়তা প্রদান করা হবে।

নূন্যতম ৮টি বিভাগে ৮টি এইচএলপি ল্যাব/হাব প্রস্তুত করা যেখান থেকে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ের প্রতিনিধিগণ সরাসরি এইচএলপি কার্যক্রম সম্পর্কে বাস্তব জ্ঞান লাভ করবে এবং নিজ নিজ ক্ষেত্রে সেগুলো বাস্তবায়নে সক্ষম হবে।

# যোগাযোগ:

**বাংলাদেশে পারস্পরিক শিখন প্রতিষ্ঠানিকীকরণ প্রকল্প অফিস**

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি),

২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

**+৮৮০ ২ ৫৫০০৭২৯৬**

**www.hlp.gov.bd**

**hlpbd@outlook.com**

**hlpbd2007@gmail.com**

**www.facebook/hlpbd**